



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে শেষ হলো পাঁচদিনব্যাপী অনুষ্ঠিত 'ইন্টারন্যাশনাল সামার স্কুল অব হিউম্যান রাইটস'। অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে সনদ প্রদানের মাধ্যমে গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে এ সামার প্রোগ্রামের সমাপনী পর্ব অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি নাসিমা হায়দার। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক ড. এসএম মাহবুব-উল হক মজুমদার। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকাস্থ সিসিলির কনসাল মো. আমিরুজ্জামান ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহযোগী ডিন অধ্যাপক ড. ফারহানা হেলাল মেহতাব। বিজ্ঞপ্তি